# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৩৯৯

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪১. উভয়ের লজ্জাস্থান একত্রে মিলিত হলে গোসল ওয়াজিব হবে, যদিও বীর্যপাত না হয়

بَابٌ فِي وُجُوبِ الْغُسْلِ بِالْتِقَاءِ الْخِتَانَيْنِ وَإِنْ لَمْ يُنْزِلْ

## আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ عَبْدِ الْعَزِيزِ ، ثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ الْقَوَارِيرِيُّ ، ثَنَا سُفْيَانُ ، نَا أَيُّوبُ بْنُ مُوسَى ، عَنْ سَعِيدِ بْنِ أَبِي سَعِيدٍ الْمَقْبُرِيِّ ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ رَافِعٍ ، عَنْ أُمِّ سَلَمَةَ قَالَتْ : كُنْتُ امْرَأَةً أَشُدُّ ضَفْرَ رَأْسِي فَسَأَلْتُ ، رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ، فَقَالَ : " إِنَّمَا يَكْفِيكِ أَنْ تَحْثِي عَلَى رَأْسِكِ ثَلَاثَ حَثَيَاتٍ ، أَوْ ثَلَاثَ حَفْنَاتٍ ، ثُمَّ تُفْرِغِي عَلَيْكِ فَإِذَا أَنْتِ قَدْ طَهُرْتِ

## বাংলা

৩৯৯(১৫)। আবদুল্লাহ ইবনে মুহাম্মাদ ইবনে আবদুল আযীয (রহঃ) ... উম্মু সালামা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আমার মাথার চুলে শক্ত করে বেণী বেঁধে থাকি। আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করলে তিনি বলেনঃ তোমার মাথায় তিন আঁজলা পানি ঢেলে দেয়াই তোমার জন্য যথেষ্ট। তারপর তোমার সমস্ত শরীরে পানি প্রবাহিত করে। এভাবে গোসল করলে তুমি পবিত্র হয়ে গেলে।

## ফুটনোট

* এই হাদীস থেকে জানা যায়, নাপাকির গোসলের সময় মহিলাদের চুলের বেণী খোলা জরুরী নয়, যদি চুলের গোড়ায় ঠিকভাবে পানি পৌছতে বাঁধার সৃষ্টি না হয়। অর্থাৎ ফরয গোসলে মাথার চুল ভিজানো জরুরী নয়, চুলের গোড়া ভিজানো জরুরী। কাযী আবু বাকর ইবনুল আরাবী (রহঃ) বলেন, বেণীর কারণে চুলের গোড়ায় (উদগম স্থলে) পানি পৌঁছতে না পারলে অবশ্যই বেণী খুলতে হবে (অনুবাদক)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন । বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80188

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন